A dozen suns glitter and shine in his burning eyes
And the sorrows of the world cluster in his
tangled and dishevelled hair.
A single drop of his tear
makes the seven seas roll and swell.
In his giant arms he crakles the mother-earth
and cries out, "Welcome, Destruction!"
Come, comrades, make merry and rejoice,

Oh, have no fear!
The deluge will soon overtake the universe.

The final hour is fast drawing near.
The rotting old and the dying decrepit
will now be wiped out for good.
Now at last at the end of the long night of darkness
The glorious dawn will come with a smile
in her soft and tender dress.
Look, there the young moon shines in his
unkempt hair.
Its light will fill your room
and make it glow with a strange radiance.
Come, make merry and rejoice!
There he comes flailing his whip of blood and
lightning,
directing the passage of eternity.
The neighing of his horse reverberates
in the stormy wind
and in the song of thunder.
The blast of his hoofs hits the stars
and scatters them shooting
through the columns of the blue-domed sky.
The gods are all lying in the dead well
of a dark dungeon.
They are tied to the cold stony pillar
of the sacrificial altar.
Indeed this is the time for him
to come triumphantly riding his gorgeous chariot.
O comrades, come, make merry and rejoice!
Why should the sight of destruction frighten you?
All this upheaval is but the birth pain
of a new creation.
There comes the bold new youth
eager to wipe out all that is ugly and decayed.
He comes with his unkempt hair and careless dress
on the wings of the Deluge
with a smile on his lips.
He is the eternal beauty
who knows how to destroy and build again,

Come, make merry and rejoice!
What fear has he
 for whom all this destruction and rebuilding
 is but a gane?
Come, make merry and rejoice,
 and welcome the Beautiful
 who comes today in the garb of the Terrible.

Translated by Kabir Chowdhury

প্রেম ও প্রহার

‘প্রেম’ ও ‘প্রহার’ এই দু’টি মোর নীতি !
এই দু’টি মোর আল্লার দান, গাহি ইহাদেরই গীতি ।
যারা নিপীড়িত যারা নির্জিত দুনিয়ায় নিশিদিন,
তাহাদেরি তরে পথে পথে আমি বাজাই প্রেমের বীণ ।
উহাদের লাগি নিতি ভিখ্ মাগি দুয়ারে দুয়ারে আমি,
ওদেরি মুক্তি চাহিয়া শক্তি যাচিতেছি দিবাযামী ।
প্রাণ যার আছে তারি কাছে চাই উহাদের তরে প্রাণ,
যারা যত পারে উহাদের তরে করুক আত্মদান ।
যুক্তিতে ঐ মুক্তি আসে না, তাই প্রেম দিয়ে ডাকি,
রস-সুন্দর রথ ত্যাগ করে চলি পথ-ধূলি মাখি ।
আত্মারে যারা বন্দি রেখেছে না করে আত্মদান,
যাহাদের ভোগ-বাসনা এনেছে অশেষ অকল্যাণ,
ভিক্ষা চাহিলে ভিক্ষা দেয় না সর্বহারার তরে,
জনগণে রাখি উপবাসী ঘরে ধন সঞ্চিত করে,
ধর্ম যাদের শুধু বঞ্চনা আর বঞ্চিত করা,
মর্মে বেদনা নাই, শুধু যারা চর্ম-মাংসে ভরা,
তাদের প্রাপ্য প্রেম নয়, ওরা গলিবে না কভু প্রেমে,
প্রহার পাইলে উহাদের প্রেম গলিয়া আসিবে নেমে !
প্রেম ও জ্ঞানের কেন্দ্র দেখিবে দিব্য খুলিয়া যাবে,
যেদিন তাহারা আষ্টেপৃষ্ঠে নিদারুণ মার খাবে !

বহু তপস্যা করিয়া জেনেছি ভাই,
প্রেম জাগাইতে প্রহারের মতো অমোঘ ওষুধ নাই !
বনের সিংহ বাঘ পোষ মানে, প্রেম-ভরে চাটে পা,
যদি অকরণ প্রহারের চোটে হাড়ে হাড়ে ফোটে ঘা !
মানব দানব মদ-গব্বীরা সকলেই হয় বশ,
বক্ষে বসিয়া টুটি টিপে যদি খাওয়াও প্রহার-রস !
তাই প্রহারের সেনাদল চাই শৌর্য-দীপ্ত প্রাণ,
জরা ও মরায় তরায় যাহারা নিত্য-নৌজোয়ান ।
পুরুষের বেশ, পৌরুষ নাই-দেখিবে ভারত-ভরা
ক্লৈব্য-ক্লিষ্ট, ভব্য আচার, সভ্য পোষাক পরা !
যুদ্ধের নামে নিশ্বাস হয় রুদ্ধ, হাত-পা ভয়ে

উদার উদরে প্রবেশিতে চায় যেন আড়ষ্ট হয়ে !
 ভূয়ো তর্কের তুর্কি-নাচন সহসা থামিয়া যায়,
 বুদ্ধি পলায় কুর্দিস্থানে আশ্রয় খুঁজি, হায় !
 বস্তা-বোঝাই-প্রস্তাব ভোট পথে যায় গড়াগড়ি,
 জাতিভেদ ভুলে কাঁদে সবে করে রেল-রথে জড়াজড়ি ।
 হাসি পেট ভরে, রাশি রাশি এই বাসি-মড়াদের দেখে,
 আশুন জ্বলিবে ইহাদেরই দেহে প্রেমের তৈল মেখে !
 অন্তরে যার নিত্যোৎসবে যৌবন ফাগুনের,
 তাহারাই সেনা, তাহারাই চেনা, আত্মীয় আশুনের ।
 আশুনোৎসবে মাতিতে পারে যে, ফাগুনোৎসবে সেই
 রণ-উন্মাদ যৌবন-বন-বিহারী ! মৃত্যু নেই
 কোনো কালে তার ! সেই ফিরে ফিরে আসে
 এই পৃথিবীর যৌবন-বনে, উদ্দাম-রণ-রাসে !
 ইহাদেরই রণ-নৃত্যের তালে পদতলে হয় গুঁড়া
 ভোগ-বিলাসীর তখত ও তাজ, লীলা-প্রাসাদের চূড়া ।
 ইহারাই প্রেমলোক হতে আসে প্রহার-অস্ত্র হাতে,
 ইহারাই আনে বিজয়োগ্লাস ধরণীর আঙিনাতে !
 এরা দুর্জয়, এরা নির্ভয়, এরা আল্লার সেনা,
 এরাই ফোটায় নিরাশার বনে আশার হাস্নাহেনা !
 অসুন্দরের সংহার করে সুন্দর করে ধরা,
 ইহাদেরই তেজে অসি বশীভূতা, সাথী ও স্বয়ম্বর ।
 এরা ঘনঘোর নিশীথ প্রহরী প্রবল প্রহার হাতে
 দুর্বল মানুষের বল হয়ে লড়ে অমানুষ-সাথে !
 সংঘবদ্ধ হয়ে আজ এরা এসেছে রঙ্গ-নটে,
 আঁকিবে নতুন ছবি এরা পৃথিবীর প্রচ্ছদপটে !
 যারা দুর্বল, যারা অসহায়, এরা তাহাদেরি প্রেমে
 পেয়ে আল্লার সহায়-শক্তি ধরায় এসেছে নেমে ।
 বলহীনে এরা রক্ষা করিবে, বলীরে দানিবে বলি,
 এক হাতে ভীম প্রহরণ, আর হাতে প্রেম-অঞ্জলি
 লয়ে এরা জনগণের আলয়ে এসেছে চৌকিদার,
 যার যা প্রাপ্য পাইবে এবার, প্রেম অথবা প্রহার !
 প্রেম ও প্রহার-চমৎকার কি নয় আমার এ নীতি ?
 প্রহারে করিব সংহার, প্রেমে ঘুচাব সর্বভীতি ।

Love And Lashes

‘Loving’ and ‘lashing’,
these are my two guiding principles! Two grants bestowed by
Allah,
I ardently sing their song.
For those subjugated day and night
I roam around and play the Vina of Love. For them I ever ask
for alms, wandering steadily from door to door;
For their liberation I ever offer my strength.
To those possessing life’s vibration
I ask they grant energy to the oppressed; Whoever can should
sacrifice for their sake. This liberation will not come via
disputations, by use of rational thought.
With love and affection I make my appeal. Stepping down from
my golden chariot, I besmear myself with the road’s dust.
Those who’ve kept their souls confined, refusing to make any
self-sacrifice; Whose eagerness to indulge and enjoy has caused
untold sufferings;
Those who don’t give alms
to the proletariat when they’re asked for; Who let the people
stay famished while piling up wealth in their homes; Whose
hearts are hardened,
even as their own bellies are bulging:
They don’t deserve to receive love, for they’ll never mellow
by being bestowed with affection; Only if they are beaten up,
thrashed,
will they shower us with their feelings of love!
The very day they’ll be thoroughly beaten they will
demonstrate, miraculously they possess a core of wisdom and
love.
Brother, through lots of austere practices I’ve come to realize:
lashing is an unfailing medicine.
It helps arouse love as no other drug does!
Once the monkeys and tigers of the forest have been tamed,
they start caressing with their paws. Provided the strokes of
merciless beating really result in a wound!

Human and devilish braggards all boss it over. Perhaps they'll
even make us drink blood while seated on our breasts, pressing
us down! So we want a true army
Imbued with heroism, ready to strike. We want people who slay
like Durga, who die or rescue like brave navy men.
There are plenty of males, but in India we lack manliness.
It is painful to see cowardice all around. Well behaved men
wearing civilized dresses. The moment they hear the word 'war'
their breathing stops!
With trembling legs and benumbed
they want to usher into fighting, but gently!
Suddenly all your debates are struck dumb, Hey, all your high
knowledge and wise words will fly off to Kurdistan;
All the ponderous views and plans burdening you are suddenly
dropped.
But people are bound to shed tears, discarding all thoughts
of divides between caste and creed. They hug and embrace each
other,
at public places, while riding the carriage.
We'll burst into laughter,
seeing these heaps of smelling corpses. Flames of fire will
consume their bodies, Their corpses oiled by the butter of love.
Those who in inner amusement
daily celebrate their spring-time Phalgun youth They are the
fighters we recognize;
their fire, their strength is our own.
He who revels in celebrating the festival of fire, he's ecstatic in
battle, at Falgun's feast.
Like the young charmer dallying in the forest* he'll never die, in
no epoch, no era to come.
For he ever again turns up
at the forest-feast of this world's youth, -
at the battlefield Krishna is dancing unrestrained.
On the beat of their war dance, trampled down under their feet,
the coronets and thrones
of the luxury-seekers are pulverized,
all the free sporting and enjoyments are crushed.

They, the young have come as loving beings carrying lethal arms
in their hands.

They bring jubilation, victory's cries to the courtyard of the
world.

They are daring, they're fearless, they are Allah's courageous
soldiers.

In the forest of the hopeless, of despair

they make the sweet scented Hasnahena flower bloom. By
killing whatever is ugly, the Beauteous is upheld.

The sword they wield is enchanting,

like a chosen companion and partner in love.

They are awake in the dense darkness of the night, sentries with
fierce hitting power stand guard.

As the powerful on behalf of the vulnerable, they wage battle
with the brutes.

Today they have come as a troop of dancers;

Tomorrow they'll paint a fresh picture on the cover of the world.

Out of love for the weak and the helpless, they have descended
into war

with God's support and strength.

They'll protect the defenseless,

while offering the powerful as sacrifice. In one hand they hold a
terrible weapon, in the other hand the palm of love.

Even as they go on destroying,

they are guardians, chowkidar, at people's abodes. Each person
this one time will get his due.

It's either love or lashes.

Isn't this a great principle, - either lashes or love? With my lashes
I will slaughter;

With my love I'll remove all fear.

Translated by Peter Custers

ফাতেহা-ই-দোয়াজ্-দহম্ [আবির্ভাব]

নাই তা-জ

তাই লা-জ ?

ওরে মুসলিম, খর্জুর-শীষে তোরা সাজ !
করে তসলিম হর কুর্নিশে শোর্ আ-ওয়াজ
শোন্ কোন্ মুজ্‌দা সে উচ্চারে 'হেরা' আজ
ধরা-মাঝ !

উরজ্‌ য়্যামেন্‌ নজ্‌দ হেজাজ্‌ তাহামা ইরাক শাম
মেসের ওমান্‌ তিহারান-স্মরি কাহার বিরাত নাম,
পড়ে 'সাল্লাল্লাহু আলায়হি সাল্‌লাম্‌ ।'

চলে আন্‌জাম

দোলে তান্‌জাম

খোলে হুর-পরি মরি ফিরদৌসের হাম্মাম !

টলে কাঁথের কলসে কওসর ভর, হাতে 'আব্‌-জম-জম্‌-জাম্‌' ।

শোন্ দামাম কামান্‌ তামাম্‌ সামান্‌
নির্ঘোষি কার নাম

পড়ে 'সাল্লাল্লাহু আলায়হি সাল্‌লাম্‌ ।'

২

মস্‌ তান !

ব্যস্‌ থাম্‌ !

দেখ্‌ মশ্‌গুল্‌ আজি শিস্তান্‌ বোস্তান্‌,
তেগ্‌ গর্দানে ধরি দারোয়ান্‌ রোস্তাম ।

বাজে কাহারবা বাজা, গুল্‌জার গুলশান্‌
গুল্‌ফাম !

দক্ষিণে দোলে আররি দরিয়া খুশিতে সে বাগে-বাগ,
পশ্চিমে নীলা 'লোহিতে'র খুন-জোশীতে রে লাগে আগ,
মরু সাহারা গোবিতে সব্‌জার জাগে দাগ !

নুরে কুর্শির
পুরে 'তুর'-শির,

দূরে ঘূর্ণির তালে সুর বুনে হুরি ফুর্তির,
বুরে সুখীর ঘন লালী উষ্ণীষে ইরানি দুরানি তুর্কির !

আজ বেদুইন তার ছেড়ে দিয়ে ঘোড়া
ছুড়ে ফেলে বল্লম
পড়ে 'সাল্লাল্লাহু আলায়হি সাল্লাম' ।

৩

'সাবে ঈন্'
তাবে ঈন্
হয়ে চিল্লায় জোর 'ওই ওই নাবে দীন !'
ভয়ে ভূমি চুমে 'লাত্ মানত'-এর ওয়ারেশিন ।
রোয়ে "ওয্যা-হোবল্" ইবলিস্ খারেজিন,-
কাঁপে জিন্ !
জেদার পুবে মক্কা মদিনা চৌদিকে পর্বত,
তারি মাঝে 'কাবা' আল্লার ঘর দুলে আজ হর ওজ্,
ঘন উথলে অদূরে 'জম্-জম্' শরবৎ !
পানি কওসর,
মণি জওহর
আনি 'জিবরাইল' আজ হরদম দানে গওহর,
টানি, মালিক-উল্-মৌত্ জিজির-বাঁধে মৃত্যুর দ্বার লৌহর ।
হানি বরষা সহসা 'মিকাইল' করে
উষর আরবে ভিক্ষা,
বাজে নব সৃষ্টির উল্লাসে ঘন 'ইসরাফিল'-এর শিঙ্গা !

৪

জএং জাল্
কঙ্ কাল
ভেদি,-ঘন জাল মেকি গণ্ডির পঞ্জার
ছেদি,-মরুভূতে একি শক্তির সঞ্চার !
বেদি,-পঞ্জরে রণে সত্যের উষ্কার
ওষ্কার !
শঙ্কারে করি লঙ্কার পার কার ধনু-টঙ্কার
হুঙ্কারে ওরে সাচ্চা-সরোদে শাশ্বত বঙ্কার ?
ভূমা-নন্দে রে সব টুটেছে অহংকার !

মর- মর্মরে
নব- ধর্ম রে
বড় কর্মরে দিল ঈমানের জোর বর্ম রে,
ভর্ দিল জ্ঞান-পেয়ে শান্তি নিখিল ফিরদৌসের হর্ম্য রে !
রণে তাই তো বিশ্ব-বয়তুল্লাতে
মন্ত্র ও জয়নাদ-
‘ওয়ে মারহাবা ওয়ে মারহাবা এয় সর্ওয়ারে কায়েনাত !’

৫

শর্- ওয়ান
দর্- ওয়ান
আজি বান্দা যে ফের্উন শাদ্দাদ্ নম্‌রুদ মারোয়ান ;
তাজি বোররাক্ হাঁকে আস্মানে পরওয়ান,-
ও যে বিশ্বের চির সাচ্চারই বোরহান-
‘কোর্-আন’ !
‘কোন্ জাদুমণি এলি ওরে’-বলি রোয়ে মাতা আমিনায়,
খোদার হাবিবে বুকে চাপি’, আহা, বেঁচে আজ স্বামী নাই !
দূরে আব্দুল্লার রুহ্ কাঁদে ‘ওরে আমিনারে ‘গমি’ নাই-
দেখ সতী তব কোলে কোন্ চাঁদ সব ভর-পুর ‘কমি নাই ।’
‘এয় ফর্ জন্দ’-
হায় হরদম্
ধায় দাদা মোত্লেব্ কাঁদি’,-গায়ে ধুলা কর্দম !
‘ভাই । কোথা তুই?’ বলি’ বাচ্চারে কোলে কাঁদিছে
হাম্‌জা দুর্দম !
ওই দিক্‌হারা দিক্‌পার হ’তে জোর-শোর আসে,
ভাসে ‘কালাম’-
‘এয় শাম্‌সোজ্জোহা বদরোদ্দোজা কামারোজ্জম্মা সালাম !’

কুঞ্জিকা : তাজ - মুকুট । তসলিম্ - সালাম, প্রণাম । শোর্-আওয়াজ - বিরাট বিপুল ধ্বনি । মুজ্‌দা - খোশ্‌ খবর, সুসংবাদ । হেরা - আরবের হেরা নামক পর্বত । এই গিরি-গুহায় হজরত মোহাম্মদ (দঃ) সাধনায় সিদ্ধি লাভ করেন । উরজ্‌, য্যামেন, নজ্‌দ, হেযাজ্‌, তাহামা - আরবের পাঁচটি প্রদেশের নাম । ইরাম - মেসোপটেমিয়া প্রদেশ । শাম - সিরিয়া প্রদেশ । মেসের - মিশর দেশ । ওমান - আরবের এক ছোট রাজ্য । সাল্লাল্লাহু আলায়হি সাল্লাম্ - আরবি ভাষায় উচ্চারিত ‘দরুদ’ বা

শান্তিবাণী। মুসলমান মাগেরই হজরতের নামের শেষে এই ‘দরুদ’ পাঠ করা একান্ত কর্তব্য। ইহার অর্থ – ‘তঁাহার উপর খোদার শান্তি ও করুণাধারা বর্ষিত হউক।’ আজ্জাম – আয়োজন। তাজ্জাম – সওয়ারি। ফিরদৌস – স্বর্গ। হাম্মাম – স্নানাগার। কওসর – অমৃত। ভর – ভরা, পূর্ণ। হুর-পরী – অল্লরী-কিন্নরী। আব্-জম্ জম্ – মক্কার ‘জমজম’ নামক কূপের পবিত্র পানি। জাম – পেয়লা। দামাম – দামামা। তামাম – সমস্ত। সামান – সাজ-সরজ্জাম। মস্-তান – মন্তানা, পাগলা। ব্যস্ থাম – ব্যস্, থামো ! শিস্তান-বোস্তান – শিস্তানের ফুল-বাগিচা। তেগ – তলোয়ার। গর্দানে – ক্ষুদ্রে। রোস্তাম – পারস্যের জগদ্বিখ্যাত দিগ্বিজয়ী বীর। কাহারবা – তালের নাম। গুল্জার – মাত। গুলশান – পুষ্প-বাটিকা। গুল্ফাম – গোলাবি রঙিন। আরবি দরিয়া – আরব সাগর। খুশিতে বাগে বাগ্ – আহ্লাদে আটখানা। নীলা – নীলবর্ণ জলবিশিষ্ট। লোহিতের – লোহিত সমুদ্রের। খুন-জোশিতে – রক্ত-উত্তেজনায়। আগ – আগুন। সাহারা, গোবি – দুই বিশাল মরুভূমির নাম। সব্জার – হরিতের। নূরে – জ্যোতিতে। কুর্শি – খোদার সিংহাসনের আসন। তুর – আরবের তুর নামক পর্বত। সুখীর-লালিমার। লালী – অরুণিমা। ইরানি – পারস্যের অধিবাসী। দুরানি – কাবুলি। তুর্কি – তুরস্কের অধিবাসী। ‘সাবেঈন’-আরবের মূর্তিপূজকগণ। ‘তাবেঈন’-আজ্জাবহ। চিল্লায়-চিৎকার করে। ‘দীন’-সত্যধর্ম। ‘লাত্ মানাত’ – আরবের মূর্তিপূজকগণের ঠাকুরদের নাম। ওয়ারেশিন-উত্তরাধিকারিগণ, (এখানে) ঐ মূর্তিসমূহের দলবল। ‘ওয্যা হোবল’ – আরব মূর্তি-পূজারীদের দুই প্রধান প্রতিমা। ইব্লিস – শয়তান। খারেরজিন – এক বদমায়েশ সম্প্রদায়। জীন – দৈত্য ; genii. জেদ্দা – জেদ্দা বন্দর। মদিনা – শহর (‘মদিনা’ নামক শহর নয়)। ‘কাবা’ – মক্কার বিশ্ববিখ্যাত মস্জিদ। হরু ওত্ত – সর্বদা। হরদম – সদাসর্বদা। গওহর – মতি। মালিক-উল-মৌত – ফেরেশতার (স্বর্গীয় দূত) নাম ; জীবের জীবন-সংহার এই যমরাজের হাতে। জিজির – শৃঙ্খল। ‘মিকাইল’ – ফেরেশতা। ভিজা – সরসা। ইসরাফিল – প্রলয়-বিষাণ-মুখে এক ফেরেশতা : জঞ্জাল – জঞ্জাল। কঙ্কাল – কঙ্কাল। সরোদ – এক তারের যন্ত্রের নাম। ঈমান – বিশ্বাস। বিশ্ব-বয়তুল্লাহ – বিশ্বরূপ ‘কাবা’ বা আল্লার ঘর। ওয়ে – ওগো, বাছা। মারহাবা – সাবাস। ‘সরওয়ারে কায়েনাত’ – সৃষ্টির শ্রেষ্ঠ। “শরওয়ান” – নওশেরওয়ান নামক পারস্যের বিখ্যাত দানশীল বাদশাহ। বান্দা – ছজুরে-হাজির গোলাম, বন্দনাকারী। ফেরাউন, শাদ্দাদ, নমরুদ, মারওয়ান – বিখ্যাত ঈশ্বরদ্রোহী সব। তাজি – দ্রুতগামী অশ্ব। বোররাক – উচ্চৈশ্বর্যের মতো স্বর্গের শ্রেষ্ঠ অশ্ব। আসমান – আকাশ। পরওয়ান – পরোয়ানা। সাচ্চাই – সত্যেরই। বোরহান – প্রমাণ। রোয়ে – কাঁদে। আমিনা – হজরত মোহাম্মদ (দ.) জননীর নাম। খোদার হাবিব – আল্লার বন্ধু (হজরতের খেতাব)। আবদুল্লাহ – হজরতের স্বর্গগত পিতা। রুহ্ – আত্মা। ‘গমি’ – দুঃখ। ‘গমি নাই’ – দুঃখ ক’রো না। ভরপুর – পূর্ণ। ‘কমি’ – অপূর্ণ। ‘কমি’ নাই – আজ কিছু অপূর্ণ নাই।

Fateha-i-Doazdaham [Appearance]

the glowing throne of God,
and in the distance one hears the houris
singing in wild abandon
as they dance like whirlwind!
Today the Bedouin, giving up his horse,
throws away his spear and recites;
"Sallal Allahu-Salam!"

The idol worshippers of Arabia loudly shout today,
"The true religion has come!"
The successors of Lat-Manat bow low
and kiss the dust,
and in fear tremble Ojja, Hobol, Kharejin
and all the genii and Satan!
On the east of Jedda, surrounded on
all four sides by hillocks, are Mecca and Medina,
and in their midst kaaba, the house of God,
constantly hums,
while close by bubble the heavenly
waters of jamjam!
Today Gabriel showers on all precious pearls,
the Angel of Death hars
the gateway to Death!
And Mikail suddenly brings in the rains
making parched Arabia wet!

And with the joy of a new creation
the bugle of Israfil sounds again and again!

Piercing the veil of all falsehood, all debris
and dry skeletons,
what a mighty force has dawned in this desert land!
Today the voice of truth rings out
from the holy altar!
And, look, who has taken up a glorious
bow and arrow,
from whose taut string issues forth

a loud reverberating sound,
driving away all fear across the distant seas,
making the sarod sing
a tune that will live for all eternity?
At the advent of a heavenly joy
all pride has disappeared,
and man's religion has armed man's noble task
with the armour of faith.
Today the heart is full of peace
and heavenly bliss
That is why the house of God is resonant
With the victorious chant;
"Welcome, Welcome,
welcome, O the finest fruit
of all creation!"

Naoshervan is a mere doorman today;
Firaoun, Shaddad, Nimrod and Marwan
are like so many humble slaves.

The fleet footed Borrak neighs aloud
in the sky
and testifies to the truth of Quran
for all the world
and for all time.

Alas, mother Amina's husband is no longer alive;
she presses the friend of God unto her breast
and murmurs, "My darling,
O my darling,"
while from the distance Abdullah's soul
cries out,

"O Amina, weep not,
Look at the moon in your arms;
you do not lack anything any more,
everything is full to the brim!"
Grandpa Motaleb, his body coated with dust,
breathlessly rushes forward and calls out

with tears in his eyes;
 “Welcome, our family’s progeny!”
And intrepid Hamza, with the baby in his arms,
 cries, “Where have you gone,
 O my brother dear?”
 Listen! From all directions
 from every corner
 from far and near
comes the sound of a resounding chorus;
“O Shamsuzzoha Badruddoja
Qamruzzama Salam!”

Translated by Kabir Chowdhury

ফাতেহা-ই-দোয়াজ্-দহম্ [তিরোভাব]

এ কি বিস্ময় ! আজরাইলেরও জলে ভর-ভর চোখ !

বে-দরদ দিল্ কাঁপে থর-থর যেন জ্বর-জ্বর-শোক ।

জান-মরা তার পাষাণ-পাঞ্জা বিল্কুল টিলা আজ,

কব্জা নিসাড়, কলিজা সুরাখ, খাক চুমে নীলা তাজ ।

জিব্রাইলের আতশি পাখা সে ভেঙ্গে যেন খানখান,

দুনিয়ার দেনা মিটে যায় আজ তবু জান অনচান !

মিকাইল অবিরল

লোনা দরিয়ার সব জল

ঢালে কুল মুল্লুকে, ভীম বাতে খায় অবিরল ঝাউ দোল ।

একি দ্বাদশীর চাঁদ আজ সেই? সেই রবিউল আউওল?

২

ঈশানে কাঁপিছে কৃষ্ণ নিশান, ইসরাফিলেরও প্রলয়-বিষাণ আজ

কাত্রায় শুধু ! গুমরিয়া কাঁদে কলিজা-পিষানো বাজ !

রসুলের দ্বারে দাঁড়ায়ে কেন রে আজাজিল শয়তান?

তারও বুক বেয়ে আঁসু ঝরে, ভাসে মদিনার ময়দান !

জমিন-আসমান জোড়া শির পাঁও তুলি তাজি বোররাক্,

চিখ মেরে কাঁদে 'আরশে'র পানে চেয়ে, মারে জোর হাঁক !

হর-পরী শোকে হায়

জল- ছল ছল চোখে চায় ।

আজ জাহান্নামের বহ্নি-সিন্ধু নিবে গেছে ক্ষরি জল,

যত ফিরদৌসের নার্গিস্-লালা ফেলে আঁসু-পরিমল ।

৩

মৃত্তিকা-মাতা কেঁদে মাটি হলো বুকে চেপে মরা লাশ,

বেটার জানাজা কাঁদে যেন-তাই বহে ঘন নাভিশ্বাস !

পাতাল-গহরে কাঁদে জিন, পুন মলো কি রে সোলেমান?

বাচ্চারে মৃগী দুধ নাহি দেয়, বিহগীরা ভোলে গান !

ফুল পাতা যত খসে পড়ে, বহে উত্তর-চিরা বায়ু,

ধরণির আজ শেষ যেন আয়ু, ছিঁড়ে গেছে শিরা-স্নায়ু !

মক্কা ও মদিনায়

আজ শোকের অবধি নাই ।

যেন রোজ-হাশরের ময়দান, সব উন্মাদ সম ছুটে ।
কাঁপে ঘন ঘন কাবা, গেল গেল বুঝি সৃষ্টির দম টুটে ।

৪

নকীবের তুরী ফুৎকারি' আজ বারোয়ার সুরে কাঁদে,
কার তরবারি খান খান করে চোট মারে দূরে চাঁদে?
আবুবকরের দর দর আঁসু দরিয়ার পারা ঝরে,
মাতা আয়েশার কাঁদনে মূরছে আসমানে তারা ডরে !
শোকে উন্মাদ ঘুরায় উমর ঘূর্ণির বেগে ছোরা,
বলে 'আল্লাহ আজ ছাল তুলে নেবো মেরে তেগ, দেগে কোঁড়া ।'
 হাঁকে ঘন ঘন বীর—
 'হবে জুদা তার তন শির,
আজ যে বলিবে নাই বেঁচে হজরত—যে নেবে রে তাঁরে গোরে ।'
আর দারাজ দস্তে তেজ হাতিয়ার বোঁও বোঁও ক'রে ঘোরে !

৫

গুম্বজে কে রে গুমরিয়া কাঁদে মসজিদে মসজিদে?
মুয়াজ্জিনের হোঁশ নাই, নাই জোশ চিতে, শোষ হুদে !
বেলালেরও আজ কণ্ঠে আজান ভেঙে যায় কেঁপে কেঁপে,
নাড়ি-হেঁড়া এ কি জানাজার ডাক হেঁকে চলে ব্যোপে ব্যোপে !
উসমানের আর হুঁশ নাই কেঁদে কেঁদে ফেনা উঠে মুখে,
আলী হাইদর ঘায়েল আজি রে বেদনার চোটে ধুঁকে !
আজ ভোঁতা সে দু'ধারী ধার
ঐ আলীর জুলফিকার !
আহা রসুল-দুলালী আদরিণী মেয়ে মা ফাতেমা ঐ কাঁদে,
'কোথা বাবাজান!' বলি' মাথা কুটে কুটে এলো-কেশ নাহি বাঁধে !

৬

হাসান-হুসেন তড়পায় যেন জবে-করা কবুতর,
'নানাজান কই !' বলি' খুঁজে ফেরে কভু বা'র কভু ঘর ।
নিবে গেছে আজ দিনের দীপালি, খসেছে চন্দ্র-তারা,
আঁধিয়ারা হয়ে গেছে দশ দিশি, বারে মুখে খুন-বারা !
সাগর-সলিল ফোঁপায়ে উঠে সে আকাশ ডুবাতে চায়,

শুধু লোনা জলে তার আঁসু ছাড়া কিছু রাখিবে না দুনিয়ায় !
 খোদ খোদা সে নির্বিকার,
 আজ টুটেছে আসনও তাঁর !
 আজ সখা মহবুবে বকে পেতে দুখে কেন যেন কাঁটা বেঁধে,
 তারে ছিনিবে কেমনে যার তরে মরে নিখিল সৃষ্টি কেঁদে !

9

বেহেশত সব আরান্তা আজ, সেথা মহা ধূম-ধাম,
গাহে ছুর পরি যত, 'সাল্লাল্লাহু আলায়হি সাল্লাম।'
কাতারে কাতারে করজোড়ে সবে দাঁড়ায়ে গাহিছে জয়,-
ধরিতে না পেরে ধরা-মার চোখে দর দর ধারা বয়।
এসেছে আমিনা আবদুল্লা কি, এসেছে খদিজা সতী?
আজ জননীর মুখে হারামগি-পাওয়া-হাসা হাসে জগপতি !
 'খোদা, একি তব অবিচার !'
 বলে কাঁদে সুত ধরা-মার।
আজ অমরার আলো আরো বলমল, সেথা ফোটে আরও হাসি,
শুধু মাটির মায়ের দীপ নিভে গেল, নেমে এলো অমা-রাশি !
 * * * *

আজ স্বরগের হাসি ধরার অশ্রু ছাপায়ে অবিশ্রাম
ওঠে এ কী ঘন রোল-'সাল্লাল্লাহু আলায়হি সাল্লাম।'

ঈমান - বিশ্বাস। বিশ্ব-বয়তুল্লাহ্ - বিশ্বরূপ ‘কাবা’ বা আল্লামার ঘর। ওয়ে - ওগো, বাছা। মারহাবা - সাব্বাস। ‘সরওয়ায়ে কায়েনাত’ - সৃষ্টির শ্রেষ্ঠ। “শরওয়ান” - নওশেরওয়ান নামক পারস্যের বিখ্যাত দানশীল বাদশাহ্। বান্দা - হুজুরে-হাজির গোলাম, বন্দনাকারী। ফেরাউন, শাদ্দাদ, নমরুদ, মারুওয়ান - বিখ্যাত ঈশ্বরদ্রোহী সব। তাজি - দ্রুতগামী অশ্ব। বোর্রাক - উচ্চৈঃশ্রবাস মত স্বর্গের শ্রেষ্ঠ অশ্ব। আসমান - আকাশ। পরওয়ান - পরোয়ানা। সাচ্চাই - সত্যেরই। বোরহান - প্রমাণ। রোয়ে - কাঁদে। আমিনা - হজরত মোহম্মদ (দঃ) জননীর নাম। খোদার হাবিব - আল্লামার বন্ধু (হজরতের খেতাব)। আবদুল্লাহ্ - হজরতের স্বর্গগত পিতা। রুহ্ - আত্মা। ‘গমি’ - দুঃখ। ‘গমি নাই’ - দুঃখ ক’রো না। ভর-পর - পূর্ণ। ‘কমি’ - অপূর্ণ। ‘কমি’ নাই - আজ কিছু অপূর্ণ নাই।

আজরইল - যমদূত। বে-দরদ - নির্মম। সুরাখ - বাঁঝরা। খাক্ - মাটি। নীলা তাজ - আজরাইলের মাথার তাজ নীলবর্ণ। জিবরাইল - প্রধান ফেরেশতা ও স্বর্গীয় বার্তাবহ। আতশি - অগ্নিময়। মিকাইল - একজন ফেরেশতার নাম। কুল মুলুকে - সর্বদেশে। ইসরাফিল - প্রলয়বিষাণধারী ফেরেশতা। রসুল - প্রেরিত পুরুষ। আজাজিল - শয়তানের নাম। তাজি বোররাক - বোররাক নামক স্বর্গীয় ঘোড়া। আরশ - খোদার সিংহাসন। ফিরদৌস - বেহেশত, স্বর্গবিশেষের নাম। নারগিস্ লালা - ফুলের নাম। তন্ - দেহ। দরাজ দস্তে - বিশাল হাতে। জুল্ফিকার - হজরত আলীর তলোয়ার। মহবুব - প্রিয়।

Fateha-i-Doazdaham [The Passing Away]

What an amazing sight is this!
Tears well up even in Azrail's eyes!
His stont heart lies in a sea of grief
 trembling like a leaf.
His iron fist, ever alert to make the kill,
 is weak and palsied,
his mind dull and inert, his heart lacerated,
his blue headgear kissing the dust in despair!
Even Gabrilel's fiery wings appear to be pieces.
The debt of the world is all but paid,
and yet the heart is full of pain.
Mikail ceaselessly pours all the waters
of the salty seas on the bosom of the earth.
In the dark still night pine branches swing
 endlessly in the stormy wind.
Is this the same moon of the twelfth night?
Is this the same Rabiul Awwal?
In the northeastern sky a dark flag flies.
Even Israfil's bugle of annihilation cries weakly.
The heartcrushing thunder, too, weeps
 in inconsolable grief.
O Azrail Satan, why do you stand at the
 prophet's door?
But even in his eyes tears well up
and they flood the plains of Medina!
The mighty Borrak raises his head
and with his prancing feet spans the earth
 and the sky;
he looks at God's throne and neighs angrily
 and yet with pity!
All the angels and fairies weep today,
Even the flames of Hell die
leaving only a sea of weary waters.
Today even all the nargis lala of Firdous
 break down in a flood of tears.

Mother earth clasps to her bosom
the corpse of her son,
her whole body shakes with deep sighs,
and in the caves of hell mourn the genii.
Well, did Solomon die a second death?
The doe does not care today for her young ones,
they go without their mother's milk,
The birds, too, have forgotten to sing.
All the leaves and flowers fall off from the trees
and a chilly north wind blows heavily.
The world seems to have reached the end of her days,
all her veins and arteries appear to have snapped.
Mecea and Medina, overwhelmed with grief,
look desolate and dead.
It seems all have assembled in the plain
of Roz-Hashr
and are now crazily running about everywhere.
Even the Kaaba trembles violently every now and then.
The whole creation seems to be suffocating!

All happy tunes sound weak and subdued;
a sad strain pervades the whole atmosphere.
Whose sharp edged sword strikes at the distant moon?
Tears roll down Abu Bakr's cheeks in an endless stream,
and mother Ayesha's cry frightens even the stars
in the sky.
Maddened with grief, Omar brandishes his sword
and cries,
"I shall not spare even God,
Him I shall Kill!"
Bereft of his senses the mighty hero rants,
"Who says that prophet is dead?
Who wants to take his body to the grave?
Let him come near, and I'll sever
his head from his neck!"
Wildly swinging his sword he rants
in this fashion.

Who cry with such broken hearts
in the mosques and over the domes and minarets?
The muazzin, too, is upset.
Deep is his grief, his heart dull and heavy.
Even Bela's voice breaks in uncontrollable anguish
as he recites the azan!
The call for janaza, as it tearfully trembles
in the air,
seems to pluck one's heart out!
grief-stricken Usman lies in a swoon,
and the heroic Ali sobs like a child,
sorrow and pain have blunted his
double edged Zulfiquar!
And, look, there the prophet's darling daughter

Fatima sobs in heart-breaking grief.
"Where has father gone?", she cries,
and wildly runs about with her uncombed hair,
all disheveled and awry.

Hassan and Hossain writhe on the ground
like two stricken doves,
"Where has grandpa gone?", they wail,
and look for him everywhere.
The day has lost its sun,
the night its moon and stars.
The world looks somber and dark
and all eyes shed tears of blood.
The seven seas churn and foam
and appear to drown the heavens above,
they seem to be sweeping away the whole universe,
leaving nothing behind but a vast ocean
of salty tears.
Even God looks sad and restless,
He longs to clasp His friend to His breast,
and yet a strange pain sears His heart;
how can He snatch one away from the

bosom of the earth
for whom the whole creation laments
in this fashion!
There is a great rejoicing in Heaven today.
A mood of festivity prevails there.
All the angels and fairies heartily sing;
 "Salla Allahu-Allaihe-Salam!"
They stand row after row with folded hands
 and sing the prophet's praise.
Tears well up only in mother earth's eyes!
Have Amina, Abdullah and the everdevoted
 Khadija come?
Look! A gracious smile lights up the face
 of even the Lord of the universe!
Only the children of mother earth lament;
 "What is this injustice of yours, O God?"
Today the bright lights of Heaven grow brighter still,
 and a happier laughter rings out there,
while mother earth's light dies
and an inky blackness engulfs her!

Today over the tears of the earth
Heaven's laughter rings out endlessly,
and like the roaring of the ocean
from every corner resound the words:
 "Salla Allahu-Alaihe-Salam!"

Translated by Kabir Chowdhury

বড় দিন

বড়লোকদের 'বড়দিন' গেল, আমাদের দিন ছোটো,
আমাদের রাত কাটিতে চায় না, ক্ষিদে বলে, 'নিধে! ওঠো!'
খেটে খুটে শুতে খাটিয়া পাই না, ঘরে নাই ছেঁড়া কাঁথা,
বড়দের ঘরে কত আসবাব, বালিশ বিছানা পাতা!
অর্ধনগ্ন-নৃত্য করিয়া বড়দের রাত কাটে,
মোদের রক্ত খেয়ে মশা বাড়ে, গায়ে আরঙলা হাঁটে।
আঁচিলের মতো ছারপোকা লয়ে পাঁচিল ধরিয়া নাচি,
মাল খেয়ে ওরা বেসামাল হয়, মোরা কাশি আর হাঁচি!
নানা রূপ খানা খেতেছে, ষণ্ড অণ্ড ভেড়ার টোস্ট,
কুলুকুলু করে আমাদের পেট, যেন 'হনলুলু কোস্ট'।
চৌরঙ্গিতে বড়দিন হইয়াছে কী চমৎকার,
গৌরজাতির ক্ষৌরকর্ম করেছে! অমৎ কার?
মদ খেয়ে বদহজম হইয়া বাঙালির মেয়ে ধরে,
শিক্ষাও পায় শিখ-বাঙালির থাপপড় লাথি চড়ে!
এ কি সৈনিক-ধর্ম, এরাই রক্ষী কি এদেশের?
সর্বলোকের ঘৃণ্য ইহারা কলঙ্ক ব্রিটিশের।
যে সৈনিকের হাত চাহে অসহায় নারী পরশিতে,
চাহে নারীর ধর্ম নিতে,

বীর ব্রিটিশের কামান যে নাই সেই হাত উড়াইতে।
হায় রে বাঙালি, হায় রে বাঙলা ভাত-কাঙালের দেশ,
মারের বদলে মার দেয় না কো, তারা বলদ ও মেষ!
মান বাঁচাইতে প্রাণ দিতে নারে, পলাইয়া যায় ঘরে,
উর্ধ্বের মার আগুন আসিছে সেই ভীরদের তরে!
পলাইয়া এরা বাঁচিবে না কেউ! হাড় খাবে, মাস খাবে,
শেষে ইহাদের চামড়ায় দেখো ডুগডুগিও বাজাবে!
পথের মাতাল মাতা-ভগ্নীর সম্মান নেয় কেড়ে,
শান্তি না দিয়ে মাতালের, এরা পলায় সে পথ ছেড়ে।

কোন ফিল্মের দর্শক ওরা, ঝোপের হুঁদুর বেজি,
ইহাদের চেয়ে ঘরের কুকুর, সেও কত বেশি তেজি!
মানব-জাতির ঘৃণ্য ভীষণরা কাঁপে মৃত্যুর ডরে,
প্রাণ লয়ে ঢুকে খোপের ভিতর, দিনে দশবার মরে!
বড়দিন দেখে ছোট মন হয় হতে চাহে না কো বড়,
হ্যাট কেটে দেখে পথ ছেড়ে দেয় ভয়ে হয়ে জড়সড়!
পচে মরে হয় মানুষ, হয় রে পাঁচিশে ডিসেম্বর!
কত সম্মান দিতেছে খ্রেমিক খ্রিস্টে ধরার নর!
ধরে ছিলে কোলে ভীষণ মানুষের প্রতীক কি মেমশিশু ?
আজ মানুষের দুর্গতি দেখে কোথায় কাঁদিছ যীশু !

The day of the Lord

The rich man's 'Big Day' came and went —
For us, no cheer, no merriment.
Night lingers on, with hunger's cry:
"Get up, O wretched ones!"
We work all day but own no bed,
Not even a rag to warm our head.
The rich have rooms with grand décor,
Soft beds and pillows on the floor.
Their nights pass in half-naked spree,
While mosquitoes and cockroaches dine
on you and me.
With bedbugs like warts, on the walls we prance,
They booze and wobble — while we sneeze and cough by chance.
They feast on testicles and lamb toast
Our bellies rumble like Honolulu coast!
Oh, what a Christmas at Chowringhee!
The whites all shaved — so clean to see!
But who paid the cost of all this grace?
Our girls, once grabbed in a drunken embrace!
And what lesson do they learn at last?
A slap from a Sikh, a Bengali's blast!
Is this the soldier's sacred role?
Are these the sentries of our soul?
Despised by all, they bear the stain —
The British crown's eternal bane!
That soldier's hand that dares to grope,
To steal a woman's sacred hope —

Let it be blown to pieces bold
By Britain's guns, proud and cold!
Alas, O Bengali! Alas, your land — of rice-begging fame!
You take each blow but strike back none — so docile, dumb, and
tame!
You won't give life to guard your pride — just flee and shut the
door,

But Heaven's wrath is on its way – for cowards to endure!
None shall flee and none be spared –
They'll feast on flesh, on bones laid bare.
And in the end, with skins once proud,
They'll beat their drums and cheer aloud!
The street drunkards snatch mother's and sister's pride,
Yet none will stand or turn the tide –
They flee the path, they walk away,
And let the drunk go free that day.
They're film watchers – ferret-rats,
While house dogs show more guts than that!
These cowards shame the human race,
They shake in fear, their death they face –
Ten times a day they die inside,
And scurry off somewhere to hide!
They saw that 'Christmas' (Big Day) shivered small,
Too scared to grow their hearts at all.
A hat goes by – they flinch and flee,
Shrinking in fear and misery.
O wretched fate! O man decays –
What rot this Twenty-fifth displays!
How much honor lovers of this earth
Bestow on Christ, declaring His worth!
He held the lamb, the meek, the mild –
The sacred symbol – the fearful child.
Once you wept for human pain –
Where are your tears for us again?

Translated by Nadira Bhabna

Translator's Notes :

1. 'Big Day' (বড়দিন), referring to Christmas, is used ironically by Kazi Nazrul Islam in his poetry—most notably in the poem titled "বড়দিন". Here, Nazrul critiques the colonial British rulers and Christian missionaries, highlighting the hypocrisy and exploitation carried out under the guise of religion and festivity. While Christmas is traditionally a day of peace and goodwill, Nazrul reclaims it as a symbol of imperial oppression, drawing attention to the poverty, inequality, and racial injustice faced by the colonized. His tone oscillates between biting sarcasm and revolutionary fervor, using the sacredness of the day to expose moral contradictions.

বর্ষা-বিদায়

ওগো বাদলের পরী !

যাবে কোন্ দূরে, ঘাটে বাঁধা তব কেতকী পাতার তরি !
ওগো ও ক্ষণিকা, পূব-অভিসার ফুরাল কি আজি তব?
পহিল্ ভাদরে পড়িয়াছে মনে কোন্ দেশ অভিনব?

তোমার কপোল-পরশ না পেয়ে পাণ্ডুর কেয়া-রেণু,
তোমাতে স্মরিয়া ভাদরের ভরা নদীতটে কাঁদে বেণু ।
কুমারীর ভীৰু বেদনা-বিধুর প্রণয়-অশ্রু সম
ঝরিছে শিশির-সিক্ত শেফালি নিশি-ভোরে অনুপম ।

ওগো ও কাজল-মেয়ে,
উদাস আকাশ ছলছল চোখে তব মুখে আছে চেয়ে ।
কাশফুল সম শুভ্র ধবল রাশ রাশ শ্বেত মেঘে
তোমার তরীর উড়িতেছে পাল উদাস বাতাস লেগে ।

ওগো ও জলের দেশের কন্যা ! তব ও বিদায়-পথে
কাননে কাননে কদম-কেশর ঝরিছে প্রভাত হতে ।
তোমার আদরে মুকুলিতা হয়ে উঠিল যে বল্লরী
তরুণ কণ্ঠ জড়াইয়া তারা কাঁদে দিবানিশি ভরি ।

‘বৌ-কথা-কও’ পাখি

উড়ে গেছে কোথা, বাতায়নে বৃথা বউ করে ডাকাডাকি ।
চাঁপার গেলাস গিয়াছে ভাঙিয়া, পিয়াসী মধুপ এসে
কাঁদিয়া কখন গিয়াছে উড়িয়া কমল-কুমুদী-দেশে ।

তুমি চলে যাবে দূরে,
ভাদরের নদী দুকূল ছাপায়ে কাঁদে ছলছল সুরে !

যাবে যবে দূর হিম-গিরি-শিরে, ওগো বাদলের পরি,
ব্যথা করে বুক উঠিবে না কভু সেথা কাহারেও স্মরি?
সেথা নাই জল, কঠিন তুষার, নির্মম শুভ্রতা,-
কে জানে কী ভাল বিধুর ব্যথা -না মধুর পবিত্রতা !

সেথা মহিমার উর্ধ্ব শিখরে নাই তরলতা হাসি,
সেথা রজনীর রজনীগন্ধা প্রভাতে হয় না বাসি।
সেথা যাও তব মুখর পায়ের বরষা-নূপুর খুলি,
চলিতে চকিতে চমকি উঠ না, কবরী উঠে না দুলি।

সেথা রবে তুমি ধেয়ান-মগ্না তাপসিনী অচপল,
তোমার আশায় কাঁদিবে ধরায় তেমনি 'স্ফটিক-জল'!

Farewell To Rainy Season

Oh fairy of the rainy season How far will you go?
Your boat of ketoki leaves Is tied to the banks so!
You are a short lived fairy
Have you finished your rendezvous? On first of the month of
Bhado
Have you remembered some other beau?
The pollen of the keya flowers faded away
They wished for your touch on the forehead anyway
The flute cries for you on the banks of the river, filled to the brim
The Shefali flowers bathed in nightly dew drops
Fall like the sad tears of the young maiden, trim
Oh my dear lasses with charcoal eyes The mournful sky looks
at you With tears in his eyes
The pearly white clouds fly in the sky Just like the kash flowers
The mast of your boat also flies With the mournful kiss of the
winds Oh dear girl from the waters
To wish you goodbye
All the gardens are laid with kodom/keshor flowers from dawn
Your love had turned the innocent buds into flowering young
lasses Hugging the plants they cry away, not knowing passes
Bou kotha kou bird has flown away Even then the bride awaits
her stay
The glass of nectar has already been broken By the bee who flew
away to another haven
You will go far away The rivers of Bhado will Spill over both the
banks And will cry away
When you will leave for the cool high peaks Will you not be
reminded of someone you love?
There is no water, only snow And merciless whiteness Who
knows which is better Is it the pain of the parted heart Or the
sweet sacredness?
Above the greatness

There is no liquidity, no mirth The tuberoses bloom at
night Do not fade away its plight
Go there, take off your rainy anklets off
Do not be startled, do not let your bun drop off There you will
be like a hermit
Lost in deep meditation
And for you, this world will cry in desperation!

Translated by Nashid Kamal

বাতায়ন পাশে গুবাক-তরুর সারি

বিদায়, হে মোর বাতায়ন-পাশে নিশীথ জাগার সাথী !
ওগো বন্ধুরা, পাণ্ডুর হয়ে এল বিদায়ের রাতি !
আজ হতে হল বন্ধ আমার জানালার ঝিলিমিলি,
আজ হতে হল বন্ধ মোদের আলাপন নিরিবিলি ।...

অস্ত-আকাশ-অলিন্দে তার শীর্ণ কপোল রাখি
কাঁদিতেছে চাঁদ, 'মুসাফির জাগো, নিশি আর নাই বাকি !
নিশীথিনী যায় দূর বন-ছায়, তন্দ্রায় ঢুলুঢুলু,
ফিরে ফিরে চায়, দু'হাতে জড়ায় আঁধারের এলোচুল ।—
চমকিয়া জাগি, ললাটে আমার কাহার নিশাস লাগে?
কে করে বীজন তপ্ত ললাটে, কে মোর শিয়রে জাগে?
জেগে দেখি, মোর বাতায়ন-পাশে জাগিছ স্বপনচারী
নিশীথ রাতের বন্ধ আমার গুবাক-তরুর সারি !

তোমাদের আর আমার আঁখির পল্লব-কম্পনে
সারা রাত মোরা কয়েছি যে কথা, বন্ধু, পড়িছে মনে !—
জাগিয়া একাকী জ্বালা করে আঁখি আসিত যখন জল,
তোমাদের পাতা মনে হত যেন সুশীতল করতল
আমার প্রিয়র !—তোমার শাখার পল্লবমর্মর
মনে হত যেন তারি কণ্ঠের আবেদন সকাতির ।
তোমার পাতায় দেখেছি তাহারি আঁখির কাজল-লেখা,
তোমার দেহেরই মতন দীঘল তাহার দেহের রেখা ।
তব বির্ বির্ মির্ মির্ যেন তারি কুণ্ঠিত বাণী,
তোমার শাখায় ঝুলোনো তারির শাড়ির আঁচলখানি ।
—তোমার পাখার হাওয়া
তারি অঙ্গুলি-পরশের মতো নিবিড় আদর-ছাওয়া !

ভাবিতে ভাবিতে ঢুলিয়া পড়েছি ঘুমের শ্রান্ত কোলে,
ঘুমায়ে স্বপন দেখেছি, — তোমারি সুনীল ঝালর দোলে
তেমনি আমার শিখানের পাশে । দেখেছি স্বপনে, তুমি

গোপনে আসিয়া গিয়াছ আমার তপ্ত ললাটে চুমি।
হয়ত স্বপনে বাড়ায়েছি হাত লইতে পরশখানি,
বাতায়নে ঠেকি ফিরিয়া এসেছে, লইয়াছি লাজে টানি।
বন্ধু, এখন রুদ্ধ করিতে হইবে সে বাতায়ন!
ডাকে পথ, হাঁকে যাত্রীরা, 'কর বিদায়ের আয়োজন!'

—আজি বিদায়ের আগে
আমারে জানাতে তোমারে জানিতে কত কি যে সাধ জাগে!
মর্মের বাণী শুনি তব, শুধু মুখের ভাষায় কেন
জানিতে চায় ও বুকের ভাষারে লোভাতুর মন হেন?
জানি — মুখে মুখে হবে না মোদের কোনোদিন জানাজানি,
বুকে বুকে শুধু বাজাইবে বাণী বেদনার বীণাপাণি!
হয়তো তোমারে দেখিয়াছি, তুমি যাহা নও তাই করে,
ক্ষতি কি তোমার, যদি গো আমার তাতেই হৃদয় ভরে?
সুন্দর যদি করে গো তোমারে আমার আঁখির জল,
হারা-মোমতাজে লয়ে কারো প্রেম রচে যদি তাজ-ম'ল
—বল তাহে কার ক্ষতি?

তোমারে লইয়া সাজাব না ঘর, সৃজিব অমরাবতী!...
হয়তো তোমার শাখায় কখনো বসেনি আসিয়া পাখি,
তোমার কুঞ্জে পত্রপুঞ্জে কোকিল ওঠেনি ডাকি।
শূন্যের পানে তুলিয়া ধরিয়া পল্লব-আবেদন
জেগেছে নিশীথে জাগেনিকো সাথে খুলি কেহ বাতায়ন।

—সব আগে আমি আসি
তোমারে চাহিয়া জেগেছি নিশীথ, গিয়াছি গো ভালোবাসি!
তোমার পাতায় লিখিলাম আমি প্রথম প্রণয়-লেখা
এইটুকু হোক সান্ত্বনা মোর, হোক বা না হোক দেখা।...

তোমাদের পানে চাহিয়া বন্ধু, আর আমি জাগিব না।
কোলাহল করি সারা দিনমান কারো ধ্যান ভাঙিব না।

—নিশ্চল নিশ্চুপ
আপনার মনে পুড়িব একাকী গন্ধবিধুর ধূপ।—
শুধাইতে নাই, তবুও শুধাই আজিকে যাবার আগে—
ঐ পল্লব-জাফরি খুলিয়া তুমিও কি অনুরাগে

দেখেছ আমারে-দেখিয়াছি যবে আমি বাতায়নে খুলি?
হাওয়ায় না মোর অনুরাগে তব পাতা উঠিয়াছে দুলি?
তোমার পাতার হরিৎ আঁচলে চাঁদনী ঘুমাবে যবে,
মূর্ছিতা হবে সুখের আবেশে,-সে আলোর উৎসবে
মনে কি পড়িবে এই ক্ষণিকের অতিথির কথা আর?
তোমার নিশাস শূন্য এ ঘরে করিবে কি হাহাকার?
চাঁদের আলোক বিশ্বদ কি গো লাগিবে সেদিন চোখে?
খড়ুখড়ি খুলি চেয়ে রবে দূর অন্ত অলখ-লোকে?—

—অথবা এমনি করি

দাঁড়ায়ে রহিবে আপন ধ্যানে সারা দিনমান ভরি?
মলিন মাটির বন্ধনে বাঁধা হয় অসহায় তরু,
পদতলে ধূলি, উর্ধ্বে তোমার শূন্য গগন-মরু ।
দিবসে পুড়িছ রৌদ্রের দাহে, নিশীথে ভিজিছ হিমে,
কাঁদিবারও নাই শক্তি, মৃত্যু-আফিমে পড়িছ ঝিমে!
তোমার দুঃখ তোমারেই যদি, বন্ধু, ব্যথা না হানে,
কি হবে রিক্ত চিত্ত ভরিয়া আমার ব্যথার দানে!...

*

*

*

ভুল করে কভু আসিলে স্মরণে অমনি তা যেয়ো ভুলি ।
যদি ভুল করে কখনো এ মোর বাতায়ন যায় খুলি,
বন্ধ করিয়া দিও পুন তায়!...তোমার জাফ্রি-ফাঁকে
খুঁজো না তাহারে গগন-আধারে-মাটিতে পেলো না যাকে!

The Betlenut Trees Next To My Porch

Goodbye, my friend who's been my mate In the porch, while at night, I wait

The night of departure is losing its crimson glow From today, I close the blinds of the window From today, ends our intimate exchanges

The fading sky rests its tired forehead on the porch
The moon cries 'Oh traveler, wake up the night ends thus' The nightness goes to the shades of the distant woods,
still in deep languour Turns back often, holding the hair of darkness over

I awaken in a shiver, whose breath is it on my head? Who is it that caresses my heated forehead, who lie awake?

I wake up to see, near my porch lies awake in dreamy spree
Friend, of the dead night, a series of beetle tree

I remember spending nights, talking to each other With a nod of your eyelids and mine

When my eyes burned, staying awake all night
Your hands, like someone's endearing hands was the coolest in sight The murmur of your branches seemed like

The deep longing of the voice of my beloved In your leaves I have spotted the dark kohl Of her eyes, and her body is
Just as tall as you stand in the park The hissing sound of your leaves are like Her hesitant utterances

Her sari is hanging on your branches
The breeze from your leaves are like the intimate strokes from her fingers

I fell asleep in the arms of sleep, while thinking all these I dreamt, that your blue scarf sways

Just next to my head, I dream that you
Came stealthily and kissed my hot forehead in ease Maybe in my dream, I extended my hands

To receive your caress
The hand stuck the porch and came back In return,
embarrassing, no less!

Friend, now I need to shut the door to the porch The traveler
says, 'Get ready to march' Before I leave, there is so much
I wish to let you know and also find out
I hear your internal thoughts, but yearn to know further
Not only the words from the mouth but also those from under I
know we shall never be able to exchange our views
Only through the thudding of the hearts the sad souls will fuse
How does it hurt others?
I shall not make you my wife, I shall befriend you only in heaven
Maybe, no bird has ever sat on your branch
No quail has ever sung on your leaves or ranch
Maybe one has looked at eternity with the leaves towards the
sky None has stayed awake with you, in the porch, why?

I have dwelled everywhere
I have wanted you and stayed up all night I write my first love
letter in your leaves
Let this be my consolation, whether we meet or split I will never
again look at you my friend
Nor will I stay awake
I shall make no din, nor disturb anyone's deep trance I will be
quiet, placid
I shall burn within myself like the perfumed incense

I shouldn't ask, but still do before I leave Did you also shed your
skirt-like leaves
And watch over me, when I saw you from the porch? And when
your leaves swayed, was it from the breeze Or from my love and
gorge?
In the yellow of your leaves, the moon shall sleep She will
swoon in happiness in the festival of lights

Will you remember this temporary guest that night? Will your
breath despair in this empty room
Will the moonlight seem awful to your eyes?
Will you open the blinds and look into the distant horizon? Or
will you stand there in your own world and reason?

Oh helpless tree, you are tied to this fading earth There is only
dust at your feet and emptiness above! In the morning you burn
in the sun

At night wet by dew

You have no strength to cry The deadly opium made you wry
If your pain does not sting you with grief
What shall I do with a broken heart, how do I bring relief?

If ever you remember me by mistake Do forget instantly
If ever, by my mistake, my porch opens truly Do shut it again,
from your burnt orange shades One you did not get on this earth
Do not look for it in the darkness

Translated by Nashid Kamal

বারাঙ্গনা

কে তোমায় বলে বারাঙ্গনা মা, কে দেয় থুতু ও-গায়ে ?
হয়তো তোমার স্তন্য দিয়াছে সীতা-সম সতী মায়ে ।
নাই হলে সতী তবু তো তোমরা মাতা-ভগিনীরই জাতি;
তোমাদের ছেলে আমাদেরই মত, তারা আমাদের জ্ঞাতি;
আমাদেরই মত খ্যাতি-যশ-মান তারাও লভিতে পারে,
তাদেরও সাধনা হানা দিতে পারে সদর স্বর্গ-দ্বারে ।—
স্বর্গবেশ্যা ঘৃতাচী-পুত্র হল মহাবীর দ্রোণ,
কুমারীর ছেলে বিশ্ব-পূজ্য কৃষ্ণ-দ্বৈপায়ন,
কানীন-পুত্র কর্ণ হইল দানবীর মহারথী,
স্বর্গ হইতে পতিতা গঙ্গা শিবেরে পেলেন পতি,
শান্তনু রাজা নিবেদিল প্রেম পুনঃ সেই গঙ্গায়—
তাদেরি পুত্র অমর ভীষ্ম, কৃষ্ণ প্রণমে যায় !
মুনি হলো শুনি সত্যকাম সে জারজ জবালা-শিশু,
বিস্ময়কর জন্ম যাঁহার-মহাপ্রেমিক সে যিশু !—
কেহ নহে হেথা পাপ-পঙ্কিল, কেহ সে ঘৃণ্য নহে,
ফুটিছে অযুত বিমল কমল কামনা-কালিয়-দহে ।

শোনো মানুষের বাণী,
জনমের পর মানব জাতির থাকে না কো কোনো গ্লানি !
পাপ করিয়াছ বলিয়া কি নাই পুণ্যেরও অধিকার ?
শত পাপ করি হয়নি ক্ষুণ্ণ দেবত্ব দেবতার ।
অহল্যা যদি মুক্তি লভে মা, মেরী হতে পারে দেবী,
তোমরাও কেন হবে না পূজ্য বিমল সত্য সেবি ?
তব সন্তানে জারজ বলিয়া কোন গোঁড়া পাড়ে গালি ?
তাহাদেরে আমি এই দুটো কথা জিজ্ঞাসা করি খালি—
দেবতা গো জিজ্ঞাসি—

দেড়শত কোটি সন্তান এই বিশ্বের অধিবাসী—
কয়জন পিতামাতা ইহাদের হয়ে নিষ্কাম ব্রতী
পুত্রকন্যা কামনা করিল ? কয়জন সৎ-সতী ?

ক'জন করিল তপস্যা ভাই সন্তান-লাভ তরে ?
কার পাপে কোটি দুধের বাচ্চা আঁতুড়ে জন্মে মরে ?
সেরেফ পশুর ক্ষুধা নিয়া হেথা মিলে নরনারী যত,
সেই কামনার সন্তান মোরা ! তবুও গর্ব কত !
শুন ধর্মের চাঁই—
জারজ কামজ সন্তানে দেখি কোনো সে প্রভেদ নাই !
অসতী মাতার পুত্র সে যদি জারজ-পুত্র হয়,
অসৎ পিতার সন্তানও তবে জারজ সুনিশ্চয় !

Prostitute

Who calls you a prostitute, Mother?
Who spits at you?
Perhaps you were suckled by someone
as chaste as Sita.
You may not be chaste,
yet you are one of the family
of all our mothers and sisters.
Your sons are like any of us sons,
as capable of achieving fame and honor
as any of us,
as capable of entering heaven.

The great hero Drona
was the son of Ghritachi,
a prostitute in heaven.
Krishna-Daipayana,
who was universally respected,
was the son of an unmarried girl.
Karna the Benevolent was born
of a maiden.
Ganga, expelled from heaven,
was married to Shiva.
King Shantanu, too,
offered her his love.
Their son was the immortal Bheeshma,
to whom Krishna paid homage!
The Sage Satyakama
was the illegitimate son of Jabala.
The conception of the great lover of humanity, Jesus,
remains a mystery.

None is stained with sin here,
none is an object of hatred.
Millions of beautiful lilies
blossom in the lake of lust!
Listen to this message of humanity:

After birth, all human beings
are free of all impurities.
Because I have once committed a sin,
have I no right to return to virtue?
Hundreds of sinful acts
did not take away the divineness of the gods.
If Ahalya was freed of sin,
if Mary was canonized,
truthfully, why shouldn't you, too,
be worthy of worship?

Who are the bigots
who condescendingly label your son
as an "illegitimate" child?
To them I simply ask these questions.
How many of the 1,500 million children
of this world were born
purely out of the purpose of procreation,
and not out of lust?
How many are pure and chaste?
For whose sin do millions of sucking
die in the cradle?

Purely from carnal urge
do men and women unite.
We are children born of that lust.
Yet how proud we are!

So, listen, religious leaders:
There's no difference between "illegitimate"
and "legitimate" children!
And if the son of an unchaste mother is "illegitimate,"
so is the son of an unchaste father.

Translated by Sajed Kamal

বিজয়িনী

আমার	হে মোর রানি ! তোমার কাছে হার মানি আজ শেষে । বিজয়-কেতন লুটায় তোমার চরণ-তলে এসে ।
আমার	সমর-জয়ী অমর তরবারি দিনে দিনে ক্লান্তি আনে, হয়ে ওঠে ভারী ,
এখন	এ ভার আমার তোমায় দিয়ে হারি ,
এই	হার-মানা-হার পরাই তোমার কেশে ॥
	ওগো জীবন-দেবী ! আমায় দেখে কখন তুমি ফেললে চোখের জল ,
আজ	বিশ্ব-জয়ীর বিপুল দেউল তাইতে টলমল !
আজ	বিদ্রোহীর এই রক্ত-রথের চূড়ে বিজয়িনী ! নীলাম্বরীর আঁচল তোমার উড়ে ,
যত	তৃণ আমার আজ তোমার মালায় পুরে ,
আমি	বিজয়ী আজ নয়ন-জলে ভেসে ॥

Victoress

O my queen
Today at last I accept defeat
My battle-flag lies at your feet
My immortal sword of victory
Is tired now and heavy.
I cosign to you the weight of it now,
I make my surrender a wreath round your eyes,
O goddess of my life,
When you look at with tears in your eyes,
Great world-conquering waves seem to roll and rise.
Today in my rebel's chariot of blood,
you are the rider;
Your fluttering Saree has become Heaven's border;
All my arrows are yours, your garland their quiver
Only by floating in your tears
can I now be a conquerer.

Translated by William Radice

বিদ্রোহী

বল বীর—
বল উন্নত মম শির !
শির নেহারি আমারি, নতশির ওই শিখর হিমাদ্রির !
বল বীর—
বল মহাবিশ্বের মহাকাশ ফাড়ি
চন্দ্র সূর্য গ্রহ তারা ছাড়ি
ভুলোক দুলোক গোলোক ভেদিয়া,
খোদার আসন ‘আরশ’ ছেদিয়া,
উঠিয়াছি চির-বিস্ময় আমি বিশ্ব-বিধাত্রীর !
মম ললাটে রুদ্র ভগবান জ্বলে রাজ-রাজটিকা দীপ্ত জয়শ্রীর !
বল বীর—
আমি চির-উন্নত শির !
আমি চিরদুর্দম, দুর্বিনীত, নৃশংস,
মহা-প্রলয়ের আমি নটরাজ, আমি সাইক্লোন, আমি ধ্বংস
আমি মহাভয়, আমি অভিশাপ পৃথ্বীর
আমি দুর্বীর,
আমি ভেঙে করি সব চুরমার !
আমি অনিয়ম উচ্ছৃঙ্খল
আমি দলে যাই যত বন্ধন, যত নিয়ম কানুন শৃঙ্খল !
আমি মানি নাকো কোনো আইন,
আমি ভরা-তরী করি ভরা-ডুবি, আমি টপ্পেডো, আমি ভীম ভাসমান মাইন ।
আমি ধূর্জটি, আমি এলোকেশে ঝড় অকাল-বৈশাখীর !
আমি বিদ্রোহী, আমি বিদ্রোহী-সুত বিশ্ব-বিধাত্রীর !
বল বীর—
চির-উন্নত মম শির !
আমি ঝঞ্ঝা, আমি ঘূর্ণি,
আমি পথ-সম্মুখে যাহা পাই যাই চূর্ণি ।
আমি নৃত্য-পাগল ছন্দ,
আমি আপনার তালে নেচে যাই, আমি মুক্ত জীবনানন্দ !

আমি হাঙ্গীর, আমি ছায়ানট, আমি হিন্দোল,
আমি চল-চঞ্চল, ঠমকি ছমকি
পথে যেতে যেতে চকিতে চমকি
ফিং দিয়া দিই তিন দোল!
আমি চপলা-চপল হিন্দোল।

আমি তাই করি ভাই যখন চাহে এ মন যা,
করি শত্রুর সাথে গলাগলি, ধরি মৃত্যুর সাথে পঞ্জা,
আমি উন্মাদ, আমি ঝঞ্ঝা !
আমি মহামারী, আমি ভীতি এ ধরিত্রীর;
আমি শাসন-দ্রাসন, সংহার আমি উষ্ম চির-অধীর।
বল বীর-
আমি চির-উন্নত শির !

আমি চির-দুরন্ত দুর্দম,
আমি দুর্দম, মম প্রাণের পেয়ালা হর্দম্ হ্যায় হর্দম্ ভরপূর্ মদ।
আমি হোম-শিখা, আমি সাগ্নিক জমদগ্নি,
আমি যজ্ঞ, আমি পুরোহিত, আমি অগ্নি!
আমি সৃষ্টি, আমি ধ্বংস, আমি লোকালয়, আমি শাসন,
আমি অবসান, নিশাবসান !
আমি ইন্দ্রাণি-সুত হাতে-চাঁদ ভালে সূর্য,
মম এক হাতে বাঁকা বাঁশের বাঁশরি, আর হাতে রণ-তুর্য !
আমি কৃষ্ণ-কণ্ঠ, মম্বন-বিষ পিয়া ব্যথা-বারিধির !
আমি ব্যোমকেশ, ধরি বন্ধন-হারা ধারা গঙ্গোত্রীর।
বল বীর-
চির-উন্নত মম শির !

আমি সন্ন্যাসী, সুর-সৈনিক,
আমি যুবরাজ, মম রাজবেশ ম্লান গৈরিক !
আমি বেদুঈন, আমি চেঙ্গিস্,
আমি আপনারে ছাড়া করি না কাহারে কুর্নিশ।
আমি বজ্র, আমি ঈশান-বিষাণে ওঙ্কার,
আমি ইস্রাফিলের শিঙ্গার মহা-ভুঙ্কার,

আমি পিনাক-পাণির ডমরু ত্রিশূল, ধর্মরাজের দণ্ড,
 আমি চক্র ও মহাশঙ্খ, আমি প্রণব-নাদ প্রচণ্ড !
 আমি খ্যাপা দুর্বাসা-বিশ্বামিত্র-শিষ্য,
 আমি দাবানল-দাহ, দাহন করিব বিশ্ব !
 আমি প্রাণ-খোলা হাসি-উল্লাস,-আমি সৃষ্টি-বৈরী মহাত্মাস,
 আমি মহা-প্রলয়ের দ্বাদশ রবির রাহু-গ্রাস !
 আমি কভু প্রশান্ত,-কভু অশান্ত দারুণ স্বেচ্ছাচারী,
 আমি অরুণ খুনের তরুণ, আমি বিধির দর্প-হারী !
 আমি প্রভঞ্নের উচ্ছ্বাস, আমি বারিধির মহাকল্লোল,
 আমি উজ্জ্বল, আমি প্রোজ্জ্বল,
 আমি উচ্ছল জল-ছল-ছল, চল-উর্মির হিন্দোল-দোল !-

আমি বন্ধন-হারা কুমারীর বেণী, তব্বী-নয়নে বহি,
 আমি ষোড়শীর হৃদি-সরসিজ প্রেমউদ্দাম, আমি ধন্যি ।
 আমি উন্মাদ মন উদাসীন,
 আমি বিধবার বুকে ক্রন্দন-শ্বাস, হা-হুতাশ আমি হুতাশির ।
 আমি বধিত ব্যাথা পথবাসী চির-গৃহহারা যত পথিকের,
 আমি অবমানিতের মরম-বেদনা, বিষ-জ্বালা, প্রিয়-লাঞ্ছিত বুকে গতি ফের !
 আমি অভিমানী চির-ক্ষুব্ধ হিয়ার কাতরতা, ব্যথা সুনিবিড়,
 চিত-চুম্বন-চোর-কম্পন আমি থর-থর-থর প্রথম পরশ কুমারীর !
 আমি গোপন-প্রিয়ার চকিত চাহনি, ছল-করে-দেখা অনুখন,
 আমি চপল মেয়ের ভালোবাসা, তার কাঁকন-চুড়ির কন-কন্ ।
 আমি চির-শিশু, চির-কিশোর,
 আমি যৌবন-ভীত পল্লীবালায় আঁচর কাঁচলি নিচোর !
 আমি উত্তরী-বায়ু, মলয়-অনিল, উদাস পূরবী হাওয়া,
 আমি পথিক-কবির গভীর রাগিনী, বেণু-বীণে গান গাওয়া ।
 আমি আকুল নিদাঘ-তিয়াসা, আমি রৌদ্র-রুদ্ধ রবি,
 আমি মরু-নির্বর বার-বার, আমি শ্যামলিমা ছায়া-ছবি !-
 আমি তুরীয়ানন্দে ছুটে চলি, এ কি উন্মাদ, আমি উন্মাদ !
 আমি সহসা আমারে চিনেছি, আমার খুলিয়া গিয়াছে সব বাঁধ !

আমি উত্থান, আমি পতন, আমি অচেতন-চিত্তে চেতন,
 আমি বিশ্ব-তোরণে বৈজয়ন্তী, মানব-বিজয়-কেতন ।

ছুটি ঝড়ের মতন করতালি দিয়া
 স্বর্গ-মর্ত্য করতলে,
তাজি বোররাক্ আর উচ্ছেশ্রবা বাহন আমার
 হিম্মত-হেমা হেঁকে চলে !
আমি বসুধা-বক্ষে আগ্নেয়াগ্নি, বাড়ব-বহি, কালানল,
আমি পাতালে মাতাল অগ্নি-পাথার-কলরোল-কল-কোলাহল !
আমি তড়িতে চড়িয়া উড়ে চলি জোর তুড়ি দিয়া, দিয়া লক্ষ,
